হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৯৭ ঃ মেহেরপুর- রোববার ২৭ জুলাই ২০২৫ ইং ঃ ১২ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ১ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা





ফেসবুক নিয়ে বিপাকে শাবনূর, আইনি পদক্ষেপ নিচ্ছেন চিত্রনায়িকা -পৃষ্ঠ-৩





## ২৭ জুলাই : আরও ২ সমন্বয়ককে নিরাপত্তা হেফাজতে নেয় ডিবি, ৩ দাবিতে শিক্ষার্থীদের ২৪ ঘণ্টার আল্টিমেটাম

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের ২৭ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আরও দুই সমন্বয়ক সারজিস আলম ও হাসনাত আব্দুল্লাহকে মহানগর গোয়েন্দা পুলিশ তাদের হেফাজতে নেয়। এ নিয়ে কোটা সংস্কার আন্দোলনের পাঁচজনকে ডিবির হেফাজতে নেওয়া হয়।

শনিবার ডিবি'র অতিরিক্ত উপ-কমিশনার জুনায়েদ আলম সরকার জানান, 'গত কয়েকদিনে ঘটে যাওয়া ঘটনার বিষয়ে জানতে ও তাদের নিরাপত্তার স্বার্থে ডিবি হেফাজতে নেয়া হয়েছে।'

এর আগে ২৬ জুলাই শুক্রবার বিকেলে গণস্বাস্থ্য নগর হাসপাতাল থেকে চিকিৎসারত অবস্থায় আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম, আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া ও আবু

২-এর পৃষ্ঠা দেখুন







# জুলাই পুনর্জাগরণে মেহেরপুর জেলায় শপথ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক

'জুলাই পূর্ণজাগরণে সমাজগঠনে শপথ'এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় (মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর) একযোগে অনুষ্ঠিত হয়েছে শপথ গ্রহণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং জেলা সমাজসেবা অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে শনিবার সকাল থেকে দিনব্যাপী চলে এ কর্মসূচি। মেহেরপুরঃ মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে "জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ" গ্রহণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ আয়োজন সম্পন্ন হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত হয়ে শপথ পাঠ করান সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস. মুরশিদ। এর আগে, জুলাই অভ্যুত্থানে নিহত ও আহতদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। আলোচনা পর্বে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি খন্দকার মুহিজ উদ্দিন ও আশিক রাব্বি। অনুষ্ঠানটি পরিচালনা করেন মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের রেজিস্ট্রেশন কর্মকর্তা কাজী আবুল মনসুর। এরপর মুজিবনগর সরকারি শিশু পরিবার (বালিকা) শিক্ষার্থীদের অংশগ্রহণে সঙ্গীত ও নৃত্য পরিবেশনার মধ্য দিয়ে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আবির আনসারী, সদর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) আমিনুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান ও আইসিটি কর্মকর্তা সুব্রত কুমার প্রমুখ। গাংনীঃ 'জুলাই পূর্ণজাগরণে সমাজগঠনে শপথ' এই স্লোগানকে ধারণ করে গাংনীতে অনুষ্ঠিত হয়েছে

২-এর পৃষ্ঠা দেখুন

## দিন-দুপুরে গলা কেটে হত্যা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মাধবপুর গ্রামে নিজ বাড়িতে ঢুকে গলা কেটে হত্যা করা হয়েছে মনিরুল ইসলাম ফেলা (৫০) নামের এক ব্যক্তিকে। শনিবার (২৬ জুলাই) দুপুর সাড়ে ১২টার দিকে এ নৃশংস হত্যাকাণ্ড ঘটে।নিহত মনিরুল ইসলাম মাধবপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনের একটি বাড়িতে থাকতেন। পেশায় তিনি কৃষিকাজ, কলার ব্যবসা ও দিনমজুরির সঙ্গে যুক্ত ছিলেন। জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, "এক ব্যক্তিকে গলা কেটে হত্যা করা হয়েছে। আমি ঘটনাস্থলে আছি। তদন্ত শেষে বিস্তারিত জানানো হবে।" স্থানীয় হাসাদাহ ইউনিয়ন পরিষদের সদস্য মো. উসমান আলি জানান, "প্রায় তিন-চার মাস আগে মনিরুল ইসলাম বালিহুদা থেকে এসে মাধবপুর গ্রামে বসবাস শুরু করেন। দুপুরের দিকে হঠাৎ খবর পাই, দুর্বৃত্তরা তার ঘরে ঢুকে গলা কেটে হত্যা করেছে।" হত্যাকাণ্ডের কারণ ও জড়িতদের পরিচয় সম্পর্কে এখনও কিছু জানা

২-এর পৃষ্ঠা দেখুন



## বারাদি বাজারে বিএনপির ৩১ দফা দাবির লিফলেট বিতরণ ও গণসংযোগ

### নেতৃত্ব দেন সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান

তৌহিদুল ইসলাম তুহিন

মেহেরপুর সদর উপজেলার বারাদি বাজারে সাধারণ মানুষের মধ্যে ৩১ দফা দাবি তুলে ধরে লিফলেট বিতরণ ও গণসংযোগ করেছে

২-এর পৃষ্ঠা দেখুন

## শিক্ষক মাসুম'র দাফন সম্পন্ন

মেহেরপুর প্রতিনিধি



মেহেরপুর সদর উপজেলার ইছাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাসুম আহমেদের দাফন সম্পন্ন হয়েছে। শনিবার (২৬ জুলাই) বাদ জোহর মেহেরপুর শহরের শেখপাড়া কবরস্থানে মরহুমের দাফন সম্পন্ন হয়। এর আগে একই দিন সকাল সাড়ে ৯টার দিকে তিনি মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৭ বছর। জানাজা ও দাফন কার্যক্রমে অংশ নেন জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ, প্রাক্তন শিক্ষার্থীরা, সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সর্বস্তরের সাধারণ মানুষ। জানাজা অনুষ্ঠিত হয় শেখপাড়া জামে মসজিদ প্রাঙ্গণে। সেখানে এক আবেগঘন পরিবেশ

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে অতিবর্ষণে মরিচ চাষে বিপর্যয় হঠাৎ দামবৃদ্ধিতে আশার আলো

রাব্বি আহমেদ

টানা কয়েকদিনের অতিবৃষ্টিতে মেহেরপুরের মরিচ চাষে নেমেছে বিপর্যয়। অতিবৃষ্টির ফলে বিভিন্ন এলাকায় মরিচ গাছ পচে মারা যাচ্ছে, গাছ শুকিয়ে যাচ্ছে, ফলন নষ্ট হচ্ছে। এতে হতাশ হয়ে গাছ কেটে ফেলার চিন্তা করছিলেন কৃষকেরা। তবে হঠাৎ করে কাঁচা মরিচের বাজারদর বেড়ে যাওয়ায় নতুন করে আশার আলো দেখছেন তারা।

কয়েকদিন আগেও জেলার পাইকারি বাজারে কাঁচা মরিচ বিক্রি হচ্ছিল প্রতি কেজি ৪৫-৫০ টাকায়। বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ১৫০ টাকা পর্যন্ত। এ হঠাৎ মূল্যবৃদ্ধিতে চাষিরা আবার মরিচ গাছের পরিচর্যায় মন দিয়েছেন এবং ছত্রাকনাশক প্রয়োগ করে গাছ বাঁচানোর চেষ্টা করছেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য মতে, চলতি মৌসুমে মেহেরপুরে ৩ হাজার ২৯০ হেক্টর জমিতে মরিচের আবাদ হয়েছে। গত বছর লাভজনক হওয়ায় এবার আবাদ বেড়েছে। কিন্তু মৌসুমের শুরুতে অনাবৃষ্টি এবং ফল আসার পরপরই অতিবৃষ্টিতে মরিচ গাছ ব্যাপক ক্ষতির মুখে পড়েছে। তবে আধুনিক মালচিং পদ্ধতিতে চাষ করা কৃষকেরা তুলনামূলক ভালো অবস্থানে আছেন। এই পদ্ধতিতে পানি জমে না থাকায় গাছ পচে যাওয়ার ঝুঁকি অনেক কম। অনেকে ইতোমধ্যে ৭৫ দিনের মাথায় মরিচ সংগ্রহও শুরু করেছেন। প্রতি বিঘায় গড়ে ২০-২৫ হাজার টাকা খরচ হলেও বর্তমান বাজারদর থাকলে তারা লাভবান হবেন বলে আশাবাদী। সদর উপজেলার চাষি টুটুল, সাইফুল ইসলাম ও শুভ জানান, অতিবৃষ্টিতে গাছ নষ্ট হয়ে যাচ্ছিল। কিন্তু হঠাৎ দাম বাড়ায় তারা আবার পরিচর্যা শুরু করেছেন। অন্যদিকে মরিচের হঠাৎ দামবৃদ্ধিতে ক্ষোভ প্রকাশ করেছেন সাধারণ ক্রেতারা। শহরের গৃহবধূ শাহিনা খাতুন বলেন, "আগে এক কেজি মরিচ কিনতাম ৫০ টাকায়, এখন ১৫০ টাকা দিতে হচ্ছে।" মধ্যবিত্ত ভোক্তা সামিউল ইসলাম বলেন, "বাজারে এসে দেখি দাম দ্বিগুণ, কষ্টে আছি।" বাজারে দাম বাড়ার কারণ হিসেবে আড়ৎদার শরিফুল ইসলাম ও রবিউল জানান, টানা বৃষ্টিতে আমদানি কমে গেছে, ফলে সরবরাহে ঘাটতি দেখা দিয়েছে। তবে আবহাওয়া স্বাভাবিক হলে দাম আবার কমে আসবে বলেও আশা প্রকাশ করেন তারা। এই পরিস্থিতিতে কৃষি বিভাগ মাঠপর্যায়ে কাজ শুরু করেছে। আধুনিক পদ্ধতির চাষে উৎসাহিত করার পাশাপাশি পানি নিষ্কাশন ও ছত্রাক

২-এর পৃষ্ঠা দেখুন

## রাষ্ট্র কাঠামো সংস্কারের জন্য সময় দরকার মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বাংলাদেশের বর্তমান রাষ্ট্র কাঠামো ও অর্থনৈতিক ব্যবস্থায় গুণগত পরিবর্তন প্রয়োজন। তবে এই পরিবর্তন একদিনে সম্ভব নয়; এর জন্য প্রয়োজন সময়, ধৈর্য ও ধারাবাহিক গণতান্ত্রিক চর্চা। শনিবার (২৬ জুলাই) রাজধানীর সিরডাপ মিলনায়তনে এক আলোচনাসভায় এসব কথা বলেন তিনি। তিনি বলেন, "বর্তমান রাষ্ট্র কাঠামো এমন একটি অবস্থানে পৌঁছেছে, যেখানে রাজনৈতিক কাঠামো

২-এর পৃষ্ঠা দেখুন



### হাট না রাস্তায়? মরিচের বাজারে জনদুর্ভোগ চরমে

# সাপ্তাহিক হাট বসছে ব্যস্ততম সড়কে, বাড়ছে দুর্ঘটনার শঙ্কা

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর এলাকায় সড়কজুড়ে বসছে মরিচের বাজার। বাজারের নির্ধারিত জায়গা থাকলেও অনেক ব্যবসায়ী ব্যস্ততম সড়কের ওপরই তাদের পসরা সাজিয়ে বসেন। এতে একদিকে যেমন সৃষ্টি হচ্ছে তীব্র যানজট, তেমনি পথচারীদের চলাচলে দেখা দিচ্ছে চরম ভোগান্তি। স্থানীয়দের অভিযোগ, প্রশাসনের

২-এর পৃষ্ঠা দেখুন

## চার-পাঁচ দিনের মধ্যে নির্বাচনের তারিখ ঘোষণা মোস্তফা জামাল

সূর্যোদয় প্রতিবেদন

শনিবার বিকেলে দেশের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে অংশ নেয়া ১৪টি রাজনৈতিক দলের নেতারা অংশগ্রহণ করেন। বৈঠক শেষে জাতীয় পার্টির (কাজী জাফর) চেয়ারম্যান মোস্তফা জামাল হায়দার সাংবাদিকদের জানান, প্রধান উপদেষ্টা নির্বাচনের তারিখ ঘোষণা করতে চলেছেন এবং এ কাজ খুব শিগগিরই, আগামী চার থেকে পাঁচ দিনের মধ্যে সম্পন্ন হবে। তিনি আরও বলেন, 'এটা দেশের জন্য অত্যন্ত আনন্দের বিষয়, কারণ নির্বাচনের তারিখ ঘোষণা হলে দেশের রাজনৈতিক অঙ্গনে স্থিরতা আসবে এবং জনগণ নির্বাচনের জন্য প্রস্তুত

২-এর পৃষ্ঠা দেখুন

## সবার আগে নির্বাহী, আইন ও বিচার বিভাগের সমস্যা সমাধান করতে হবেঃ আসিফ নজরুল

সূর্যোদয় প্রতিবেদন

রাষ্ট্রের তিন প্রধান অঙ্গ নির্বাহী, আইন ও বিচার বিভাগের সমস্যা দ্রুত সমাধান না হলে মানবাধিকার রক্ষায় প্রকৃত পরিবর্তন আসবে না। এমনটাই বলেছেন অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে শনিবার 'হিউম্যান রাইটস সার্পোট সোসাইটির' উদ্যোগে আয়োজিত '১১তম মানবাধিকার সম্মেলন-২০২৫' এ তিনি বলেন, শুধু আইনি বা প্রাতিষ্ঠানিক সংস্কারে পরিবর্তন সম্ভব নয়, এ জন্য আত্মসমালোচনা, স্বচ্ছতা ও

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর(বাবার স্বপ্ন পূরণে হেলিকপ্টারে চড়ে বিয়ে)

স্বপ্ন পূরণ করলি তুই
বাবার কথা শুনে
তাই বলে কি করবি বিয়ে
হেলিকপ্টারে চড়ে ।
আশা ছিল অনেক দিনের
পূরণ করলি আজ
শ্বশুরবাড়ির আত্মীয়-স্বজন
খুশিতে আট সাট।
জামাই গেল হেলিকপ্টারে
বরযাত্রী গেল গাড়িতে
মনটা তাদের একটু বেজার
খুশির জোয়ার বাড়িতে।
স্বপ্নপূরণ হলো তোমার
স্বপ্ন ছিল মনে
বউ হিসাবে যাকে পেয়েছ
রেখো তারে চির সুখে।



## পকেট কমিটির নামে দল ধ্বংস করছে নেতৃত্ব - সাবেক এমপি আমজাদ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য মোঃ আমজাদ হোসেন অভিযোগ করেছেন, বর্তমান যারা কমিটি গঠন করছেন তারা পকেট কমিটি করে সংগঠনকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছেন। যোগ্য ব্যক্তিদের বাদ দিয়ে গ্রামের ছলিমদ্দি ও নৈমদ্দিদের সভাপতি করা

২-এর পৃষ্ঠা দেখুন

## ভারত-সমর্থিত ৩ জঙ্গিকে হত্যার দাবি পাকিস্তানের

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের খাইবার-পাখতুনখোয়া প্রদেশের সোয়াত জেলায় গোপন তথ্যের ভিত্তিতে পরিচালিত এক যৌথ অভিযানে 'ফিতনা আল-খারিজ' নামক জঙ্গি গোষ্ঠীর তিন সদস্য নিহত হয়েছে। পাকিস্তানের পুলিশ ও কাউন্টার টেরোরিজম ডিপার্টমেন্ট (সিটিডি) দাবি করেছে, এ গোষ্ঠীটি ভারতের সহায়তায় পরিচালিত হয়ে আসছিল এবং দেশটির নিরাপত্তা ও স্থিতিশীলতার জন্য হুমকিস্বরূপ ছিল। প্রতিবেদনে বলা হয়, অভিযানে নিহত তিন জঙ্গির একজন ছিলেন সরকার ঘোষিত

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে জিপিএ-৫ শিক্ষার্থীদের সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক

ইনফান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশন-এর আয়োজনে বিভিন্ন বিদ্যালয়ের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা সাড়ে ১১টায় আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুরের হলরুমে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনফান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের

২-এর পৃষ্ঠা দেখুন




## মহেশপুর সীমান্তে ৬ কোটি টাকার স্বর্ণের বার উদ্ধার

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে ভারতে পাচারের সময় ৩১টি স্বর্ণের বার উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। আজ

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ রোববার ॥ ১২ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২৭ জুলাই ২০২৫ইং

# বিএনপির ঢালাও সাংগঠনিক ব্যবস্থায় ত্যাগীরাও ক্ষতিগ্রস্ত

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির অভ্যন্তরীণ শুদ্ধি অভিযানে শৃঙ্খলা রক্ষার নামে ঢালাও সাংগঠনিক ব্যবস্থায় দলের বহু ত্যাগী ও নিরপরাধ নেতাকর্মী ক্ষতিগ্রস্ত হচ্ছেনড়এমন অভিযোগ ক্রমেই জোরালো হচ্ছে। দলীয় পদ শূন্য করা, বহিষ্কার, শোকজ ও সতর্কীকরণের মতো শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে যথাযথ তদন্ত ও আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেওয়ার কারণেই এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে অভিযোগ নেতাকর্মীদের। নেতাকর্মীদের ভাষ্য, এমন সময় যখন সরকারবিরোধী আন্দোলনের মাধ্যমে 'সুদিন' ফেরার প্রত্যাশা করছেন তারা, ঠিক তখনই ত্যাগী অনেক নেতাকর্মী শাস্তির খড়্গে পড়ছেন। এতে দলের ভিতরে তীব্র ক্ষোভ এবং বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। কেউ কেউ এ অবস্থাকে প্রতিপক্ষের 'পরিকল্পিত ষড়যন্ত্র' বলেও অভিহিত করছেন।

বিএনপির দপ্তর সূত্র বলছে, চলতি বছরের ৫ আগস্টের পর থেকে এ পর্যন্ত মূল দল বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের ৩,২২৩ নেতাকর্মীর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে। এর মধ্যে মূল দল বিএনপির ১,৮০০ জন, ছাত্রদলের প্রায় ১,০০০ জন, যুবদলের ২০০ জন, এবং স্বেচ্ছাসেবক দলের ২৫০ জন রয়েছেন। মূল দলের মধ্যে ৮০০ জনকে বহিষ্কার, ৫০ জনের পদ স্থগিত, ৭০০ জনকে কারণ দর্শানো নোটিশ, ১০০ জনকে সতর্ক এবং ১৫০ জনকে শৃঙ্খলা ভঙ্গের নোটিশ দেওয়া হয়েছে। ছাত্রদলে প্রায় ৪০০ জন বহিষ্কার, ৬০০ জনকে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়েছে। স্বেচ্ছাসেবক দলের ১০০ জন এবং যুবদলের ২০০ জন নেতাকর্মীকে বহিষ্কার করা হয়েছে। নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে ভিড় করে অনেকেই দলীয় সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিকার চাচ্ছেন। বরিশালের বাকেরগঞ্জ উপজেলার নেয়ামতি ইউনিয়ন ছাত্রদলের নেতা আসাদুল্লাহ খান বলেন, "গত ৮ মার্চ রাতে স্থানীয় আওয়ামী লীগ-যুবলীগের হামলায় আমি গুরুতর আহত হই। অথচ আমার সংগঠনের ইউনিয়ন সভাপতি সালাম মৃধাকে এই ঘটনায় দায়ী করে বহিষ্কার করা হয়েছে, যিনি ঘটনার সঙ্গে আদৌ জড়িত ছিলেন না।" বহিষ্কৃত সালাম মৃধা জানান, "১৬ বছরে ১১টি মামলা ও চারবার কারাগারে যাওয়াড়এই সবই দলের জন্য। এখন

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## কালোজিরায় রয়েছে যে-সব উপকারিতা

সূর্যোদয় প্রতিবেদন

কালোজিরা স্বাস্থ্য উপকারিতায় ভরপুর একটি মশলা যা রান্নায় স্বাদ বৃদ্ধির পাশাপাশি নানা ওষুধি গুণে সমৃদ্ধ। এর মধ্যে রয়েছে অ্যান্টি-অক্সিড্যান্টস, যা কোষগুলোকে ক্ষতি থেকে রক্ষা করে এবং শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করে। কালো জিরা সর্দি-কাশি, জ্বর এবং অন্যান্য সংক্রমণ থেকে শরীরকে সুরক্ষা প্রদান করে। কালো জিরার পুষ্টিগুণে গ্যাস, অম্বল, পেট ফাঁপা এবং বদহজমের সমস্যাও দূর হয়। এটি অ্যান্টি-ইনফ্লেম্যাটরি গুণে সমৃদ্ধ, যা শরীরের ইনফ্লেমেশন কমাতে সাহায্য করে এবং আর্থ্রাইটিসের মতো সমস্যাগুলি থেকে মুক্তি দেয়। কালো জিরা মেটাবলিজম রেট বৃদ্ধি করে এবং অতিরিক্ত খিদে কমায়, যা শরীরের ওজন কমাতে সাহায্য করে। এছাড়া কালো জিরার অ্যান্টি-অক্সিডেন্টস অক্সিডেটিভ স্ট্রেস কমায়, ফলে ত্বক মসৃণ ও উজ্জ্বল থাকে। এটি রক্তে শর্করার পরিমাণ নিয়ন্ত্রণে সহায়ক এবং ব্লাড সুগার থাকার সময় উপকারী। চুলের গোড়া মজবুত করে, চুলের স্বাস্থ্য ভালো রাখে এবং চুল পড়া কমায়। কালো জিরার অন্যতম গুরুত্বপূর্ণ গুণ হলো এটি রক্তে কোলেস্টেরল কমাতে সাহায্য করে, যার ফলে হৃদরোগের ঝুঁকি কমে। প্রতিদিন এক কাপ পানিতে ১ চা চামচ কালো জিরা মিশিয়ে ৫ থেকে ১০ মিনিট ফোটাতে পারেন। এরপর খালি পেটে হালকা গরম অবস্থায় এটি পান করুন এবং উপকারিতার পূর্ণ সুবিধা নিন।



## আসামি ধরতে গিয়ে হামলার শিকার পুলিশ, আ.লীগ নেতা ও ছেলে গ্রেপ্তার

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ায় সন্দেহভাজন আসামিকে ধরতে গিয়ে পুলিশের ওপর হামলার ঘটনা ঘটেছে। এ সময় বটির আঘাতে গোয়েন্দা পুলিশের (ডিবি) উপপরিদর্শক (এসআই) ইসরাফিল হোসেন (৪৮) আহত হন। পরে ঘটনাস্থল থেকে আওয়ামী লীগ নেতা হারুন-উর-রশিদ (৫০) ও তার ছেলে প্রণয় (২৫)কে আটক করে পুলিশ।

শনিবার (২৬ জুলাই) দুপুর ১২টার দিকে শহরের ছয় রাস্তার মোড় এলাকার একটি বাসায় এ ঘটনা ঘটে। আহত এসআইকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। কুষ্টিয়া গোয়েন্দা পুলিশের ওসি মুরাদ হোসেন জানান, সন্দেহভাজন এক আসামিকে গ্রেপ্তার করতে গিয়ে পুলিশের ওপর হামলার ঘটনা ঘটে। এ সময় আওয়ামী

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'ভারত পুশইনের সময় নদীর পাড়ে, জঙ্গলে ফেলে যায় এটা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়'

সূর্যোদয় প্রতিবেদন

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী ভারতের পুশইন কার্যক্রমে বাংলাদেশিদের সাথে যে অবিচার করা হচ্ছে তা কখনই মেনে নেওয়া যায় না বলে জানিয়েছেন। তিনি বলেন, গত এক মাসে প্রায় এক হাজার পাঁচশ' বাংলাদেশিকে ভারত থেকে পুশইন করা হয়েছে। তবে তাদের পুশইনের সময় নদীর পাড়ে কিংবা জঙ্গলে ফেলে দেওয়া হচ্ছে, যা মোটেই গ্রহণযোগ্য নয়। শনিবার নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে র‌্যাব-১১ সদর দপ্তর পরিদর্শনে এসে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা এ তথ্য জানান। তিনি বলেন, 'ভারতে যে বাংলাদেশিরা আছেন, তাদের ফেরত নেওয়াটা সময়ের ব্যাপার, তা ১০ বছর পর হোক বা ২০ বছর পর। তবে ভারতের কিছু সীমান্ত দিয়ে বাংলাদেশির সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গায় ১১ কেজি ভারতীয় রুপাসহ দুই চোরাকারবারি আটক

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার দামুড়হুদায় অভিযান চালিয়ে প্রায় ১১ কেজি ভারতীয় দানাদার রুপা জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। এ ঘটনায় দুই চোরাকারবারিকে আটক করা হয়েছে। শনিবার (২৬ জুলাই) দুপুর দেড়টার দিকে সীমান্তবর্তী দর্শনার আজিমপুর গ্রামের একটি ফুড গোডাউনে এ অভিযান চালানো হয়। আটকরা হলেনড় দর্শনার পুরাতন বাজার এলাকার ইকরামুল হকের ছেলে রাজিউল ইসলাম (৩৭) ও আনোয়ারপুর গ্রামের জামাল উদ্দিনের ছেলে মো. সাগর আলী (২১)। চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে আজিমপুর এলাকার ওই গোডাউনে অভিযান চালিয়ে একটি কাগজের কার্টন জব্দ করা হয়। কার্টনটি থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

## দেবালয় নিয়ে থাইল্যান্ড-কম্বোডিয়া সংঘাতে ১৬ জন নিহত

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ-পূর্ব এশিয়ার দুই প্রতিবেশী দেশ থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে নতুন করে উত্তেজনা দেখা দিয়েছে। বিরোধ এবার ভূমি বা খনিজ নয়, বরং কয়েক শতাব্দী পুরোনো হিন্দু মন্দির ঘিরে। ডানগ্রেক পার্বত্য সীমান্তে প্রাচীন শিব মন্দিরের মালিকানা নিয়ে সংঘর্ষে জড়িয়েছে দুই দেশ। এতে এখন পর্যন্ত প্রাণ হারিয়েছেন অন্তত ১৬ জন। থাইল্যান্ডের সেনাবাহিনী দাবি করেছে, সীমান্তবর্তী এলাকায় কম্বোডিয়ার ড্রোন ঢুকে পড়ার পর তারা প্রতিরোধ গড়ে তোলে। এর পরপরই শুরু হয় গুলিবিনিময় ও রকেট হামলা। উভয় দেশ সীমান্তে সামরিক উপস্থিতি জোরদার করেছে। ব্যবহার করা হয়েছে যুদ্ধবিমানও। সংঘর্ষের কেন্দ্রস্থল ডানগ্রেক পার্বত্য অঞ্চলে অবস্থিত তিনটি প্রাচীন হিন্দু মন্দির: প্রসাত তা মুয়েন থম, তা মুয়েন ও তা মুয়েন তচ। খামায়

৩-এর পৃষ্ঠা দেখুন



## ধর্মস্থলা মন্দিরে গণকবরের অভিযোগে ভারতজুড়ে তোলপাড়

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের কর্ণাটক রাজ্যের বিখ্যাত ধর্মস্থলা মন্দিরে গণকবরের সন্ধান পাওয়ার অভিযোগ ঘিরে দেশজুড়ে তীব্র আলোড়ন সৃষ্টি হয়েছে। সাবেক এক পরিচ্ছন্নতাকর্মীর বিস্ফোরক স্বীকারোক্তির পর ঘটনাটি প্রকাশ্যে এলে সামাজিক মাধ্যমে তীব্র প্রতিক্রিয়া এবং রাজনৈতিক বিতর্ক শুরু হয়।

সম্প্রতি প্রকাশিত ইন্ডিয়া টুডে'র এক অনুসন্ধানী প্রতিবেদনে জানা যায়, ধর্মস্থলা মন্দিরে কর্মরত থাকা এক সাবেক পরিচ্ছন্নতাকর্মী দাবি করেছেন, ১৯৯৮ থেকে ২০১৪ সালের মধ্যে তাকে কয়েক শতাধিক মরদেহ গোপনে কবর দিতে বাধ্য করা হয়েছিল। নিহতদের মধ্যে অধিকাংশই নারী ও শিশু। মৃতদেহগুলোর অনেকের শরীরে যৌন নির্যাতন ও শারীরিক নির্যাতনের চিহ্ন ছিল বলেও তিনি উল্লেখ করেন। ওই কর্মীর দাবি, বহু বছর ধরে চলা এসব ঘটনার অধিকাংশই ঘটেছে

৩-এর পৃষ্ঠা দেখুন




## পরিবেশকে রাজনীতির কেন্দ্রবিন্দুতে আনতে হবে: উপদেষ্টা রিজওয়ানা হাসান

সূর্যোদয় প্রতিবেদন

পরিবেশকে আর 'গৌণ' ইস্যু হিসেবে দেখার সময় শেষড়এখন সময় এসেছে একে রাজনীতির কেন্দ্রবিন্দুতে আনার। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, "পরিবেশ একটি জনস্বার্থ ও রাষ্ট্রীয় অগ্রাধিকারের বিষয়। রাজনৈতিক দলগুলোকে তাদের পরিবেশ প্রতিশ্রুতি বাস্তবায়নের অঙ্গীকারে জনগণের জবাবদিহিতার মুখোমুখি

৩-এর পৃষ্ঠা দেখুন

## আমিরাতে বাংলাদেশিদের ভিসা বন্ধ

সূর্যোদয় প্রতিবেদন

সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশিদের জন্য ভিসা বন্ধ রয়েছে। এতে বড় ধরনের বিপাকে পড়েছেন প্রবাসী বাংলাদেশিদের মালিকানাধীন ট্রাভেল ও ট্যুরিজম কোম্পানিগুলো। ব্যবসায়ীরা বলছেন, ভিসা বন্ধ থাকলে টিকে থাকা কঠিন হয়ে পড়বে, সামনে বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়তে হবে। করোনার পরপরই সংযুক্ত আরব আমিরাত বাংলাদেশের জন্য পর্যটনের দরজা খুলে দেয়। সে সময় ভিজিট ভিসা চালু হওয়ায় দেশটি

৩-এর পৃষ্ঠা দেখুন

## জল্পনার অবসান ঘটিয়ে আমিরাতে এশিয়া কাপ

সূর্যোদয় প্রতিবেদন

সব জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে অবশেষে চূড়ান্ত হলো ২০২৫ সালের এশিয়া কাপের আয়োজন। মরুর দেশ সংযুক্ত আরব আমিরাতের মাটিতে বসতে যাচ্ছে এবারের এশিয়া কাপের জমজমাট আসর। টুর্নামেন্ট শুরু হবে আগামী ৯ সেপ্টেম্বর, আর ফাইনাল অনুষ্ঠিত হবে ২৮ সেপ্টেম্বর।



বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেছেন এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) চেয়ারম্যান মহসিন নাকভি। সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স' (সাবেক টুইটার)-এ দেওয়া এক পোস্টে তিনি লেখেন "আমি আনন্দের সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্রের অনুরোধে সৌদি আরবের 'না'

সূর্যোদয় প্রতিবেদন

সম্প্রতি ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলায় ইসরাইল ব্যাপক ক্ষয়ক্ষতির মুখে পড়ায়, যুক্তরাষ্ট্র সৌদি আরবকে তাদের 'টার্মিনাল হাই অল্টিচিউড এরিয়া ডিফেন্স' (থাড) ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার ইন্টারসেপটর ইসরাইলকে সরবরাহের জন্য অনুরোধ করেছিল। তবে সৌদি আরব মার্কিন এই অনুরোধ প্রত্যাখ্যান করেছে। বিষয়টি নিশ্চিত করেছেন মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যম মিডল ইস্ট আইকে একাধিক মার্কিন কর্মকর্তা। যুক্তরাষ্ট্রের এক কর্মকর্তা জানান, চলমান যুদ্ধের মধ্যে বেশ কয়েকটি দেশ থেকে বিভিন্ন ধরনের সামরিক সরঞ্জামের জন্য অনুরোধ জানিয়েছে যুক্তরাষ্ট্র। কোথাও সফলতা না পেলে তারা বিকল্প সমাধানের পথ অনুসন্ধান করেছে। তবে সৌদি আরবের প্রত্যাখ্যান তাদের জন্য গুরুত্বপূর্ণ ছিল। অন্য এক মার্কিন কর্মকর্তা

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## যে 4 ভুলে হারাতে পারেন হোয়াটসঅ্যাপ

সূর্যোদয় প্রতিবেদন




মেসেজিং প্ল্যাটফর্ম হোয়াটসঅ্যাপ এখন নিত্য প্রয়োজনের হয়ে দাঁড়িয়েছে। সকালে ঘুম থেকে উঠেই হোয়াটসঅ্যাপ চেক করা এবং ঘুমাতে যাওয়ার অবধি সেই কাজই চলে। তবে কিছু কিছু ভুল আপনাকে হোয়াটসঅ্যাপে নিষিদ্ধ করেও দিতে পারে। হারাতে পারেন মূল্যবান অ্যাকাউন্টটি।

হোয়াটসঅ্যাপ হেল্প সেন্টার জানিয়েছে, কোনো হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীর অ্যাকাউন্ট তখনই বন্ধ করা হয় যখন তিনি নীতিবিরুদ্ধ কিছু করেন। বেশিরভাগ সময় ব্যবহারকারী জেনে বা না জেনে ভুলগুলো করে। তবে সতর্ক থাকতে হবে কিছু ভুল থেকে নিজেকে বাঁচিয়ে রাখতে। যেমন-

থার্ড পার্টি অ্যাপ ব্যবহার : অনেক ব্যবহারকারী অফিসিয়াল হোয়াটসঅ্যাপ ব্যবহার করার পরিবর্তে থার্ড পার্টি অ্যাপ ব্যবহার করেন। এই পরিস্থিতিতে হোয়াটসঅ্যাপ ডেল্টা, জিবিওয়াটসঅ্যাপ এবং হোয়াটসঅ্যাপ প্লাসের মতো নাম সহ অনেক অ্যাপ পাওয়া যায়। কিন্তু কোম্পানি এই অ্যাপস ব্যবহার নিষিদ্ধ করেছে। আপনি যদি এই তৃতীয় পক্ষের অ্যাপগুলো ব্যবহার করেন, তাহলে আপনার অ্যাকাউন্ট বন্ধ হয়ে যেতে পারে। হুমকি দিলে : যদি কাউকে হয়রানি বা হুমকি দেওয়ার উদ্দেশ্যে মেসেজ পাঠান, তবে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

শর্মা ফুড প্লাজা
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩
অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,


ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।
এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোববার, ২৭ জুলাই ২০২৫ ইং

## গ্রামীণ ঋণের নামে প্রতারণা: প্রতিরোধে চাই সচেতনতা ও কঠোর ব্যবস্থা

মেহেরপুরে 'সহজ শর্তে মোটা অঙ্কের ঋণ' দেওয়ার প্রলোভন দেখিয়ে একটি ভুয়া এনজিও 'গ্রামীণ বাংলা উন্নয়ন ফাউন্ডেশন' যেভাবে গ্রামের সাধারণ মানুষের কাছ থেকে লাখ টাকার বেশি অর্থ আত্মসাৎ করেছে, তা অত্যন্ত উদ্বেগজনক। এ ঘটনা কেবল প্রতারণা নয়, বরং প্রান্তিক জনগণের উপর অর্থনৈতিক ও মানসিক নিপীড়নের একটি সুপরিকল্পিত উদাহরণ। যশোরের শারমিন নাহার নামের এক নারীকে আটক করে। পুলিশ জানিয়েছে, এ চক্রটি মূলত নিবন্ধন ও সরকারি অনুমোদনবিহীন একটি সংগঠন পরিচালনা করছিল। তারা মেহেরপুরসহ আশপাশের গ্রামের সহজ-সরল মানুষদের কাছ থেকে সদস্য ফি ও ঋণের নামে অর্থ আদায় করে। অভিযোগ অনুযায়ী, মাত্র এক সপ্তাহে তারা প্রায় ১ লাখ ৫০ হাজার টাকা সংগ্রহ করেছে।

এখানে উল্লেখযোগ্য যে, এই প্রতারণা কেবল ব্যক্তিগত নয় এটি একটি সংঘবদ্ধ চক্রের অংশ। মূলহোতা রিয়াজ উদ্দিনসহ অন্যরা এখনও পলাতক। পুলিশ তদন্ত শুরু করেছে, কিন্তু প্রশ্ন থেকেই যায় এমন একটি ভুয়া এনজিও দীর্ঘদিন কীভাবে স্থানীয় প্রশাসনের চোখ এড়িয়ে কার্যক্রম চালাতে পারল? এ ঘটনা থেকে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় আমাদের উপলব্ধি করা উচিত: প্রথমত, গ্রামীণ জনগণকে আর্থিক শিক্ষা ও সচেতনতা দেওয়া এখন সময়ের দাবি। অনেকেই জানেন না, একটি এনজিও বা মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠানের বৈধভাবে কাজ করতে হলে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির (এমআরএ) অনুমোদন প্রয়োজন। ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রশাসনের মাধ্যমে যাচাই না করেই যেকোনো সংস্থার সঙ্গে আর্থিক লেনদেনে যাওয়া আত্মঘাতী হতে পারে। দ্বিতীয়ত, স্থানীয় প্রশাসনের দায়িত্ব আরও সক্রিয়ভাবে কাজ করা। কোনো নতুন সংস্থা গ্রামে কার্যক্রম শুরু করলেই তা যেন ইউনিয়ন পরিষদ বা উপজেলা পর্যায়ে নিবন্ধন ও যাচাইয়ের আওতায় আসে, এ ব্যবস্থা নিশ্চিত করা জরুরি। তৃতীয়ত, প্রতারণায় জড়িতদের দ্রুত শনাক্ত ও কঠোর শাস্তি দেওয়া দরকার। দৃষ্টান্তমূলক শাস্তি না হলে এই ধরনের প্রতারণা চলতেই থাকবে, শুধু চরিত্র বদলাবে।

এই ঘটনার প্রেক্ষিতে আমরা সাধারণ মানুষকে আহ্বান জানাই প্রলোভনে পড়ে না গিয়ে সঠিক তথ্য যাচাই করে সিদ্ধান্ত নিন। একইসঙ্গে প্রশাসন, গণমাধ্যম ও স্থানীয় নেতৃত্বকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে যেন ভবিষ্যতে এ ধরনের প্রতারণার সুযোগ না পায় কেউ।

## দিন-দুপুরে গলা কেটে হত্যা

যায়নি। পুলিশ ঘটনাস্থলে থেকে তদন্ত কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এলাকায় আতঙ্ক বিরাজ করছে।

## জুলাই পুনর্জাগরণে মেহেরপুর জেলায়

আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। শনিবার (২৬ জুলাই) সকাল সাড়ে ৯টায় গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে এই আয়োজন অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার শামসুল আলম (সোনা), উপজেলা সমাজসেবা কর্মকর্তা আরশেদ আলী, কৃষি কর্মকর্তা ইমরান হোসেন, কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হুসাইন, স্থানীয় সাংবাদিক, রাজনীতিক, শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস মুরশীদ ভার্চুয়ালি যুক্ত হয়ে 'লাখো কণ্ঠে শপথ' কর্মসূচির অংশ হিসেবে অংশগ্রহণকারীদের শপথ বাক্য পাঠ করান। অংশগ্রহণকারীরা একটি মানবিক, নৈতিক, যত্নশীল, সহিংসতামুক্ত, দারিদ্র্যমুক্ত, সাম্য ও সম্প্রীতিপূর্ণ সমাজ গড়ার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। আলোচনা পর্বে বক্তারা বলেন, "দেশের উন্নয়ন কেবল অবকাঠামো বা অর্থনীতির অগ্রগতি দিয়ে নয়, সমাজের মূল্যবোধ ও মানবিকতা তৈরির মাধ্যমেই প্রকৃত উন্নয়ন সম্ভব। নতুন প্রজন্মকে মানবিক ও দায়িত্বশীল করে গড়ে তুলতে হলে সমাজের প্রতিটি মানুষকে সচেতন হতে হবে।" আলোচনাসভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে 'জুলাই পূর্ণজাগরণ' কর্মসূচির পর্দা নামে। মুজিবনগর : মেহেরপুরের মুজিবনগর উপজেলায় সমাজসেবা অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে "জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ" অনুষ্ঠান, আলোচনা সভা ও সাংস্কৃতিক আয়োজন অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৬ জুলাই) সকালে মুজিবনগর উপজেলা পরিষদ হলরুমে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস. মুরশিদ ভার্চুয়ালি যুক্ত হয়ে অংশগ্রহণকারীদের শপথ পাঠ করান। অনুষ্ঠানের শুরুতে ১৯৭৫ সালের জুলাই অভ্যুত্থানে নিহত ও আহতদের স্মরণে দোয়া অনুষ্ঠিত হয়। এরপর আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান প্রমুখ। অনুষ্ঠান শেষে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়।

## মেহেরপুরে অতিবর্ষণে মরিচ চাষে

প্রতিরোধে পরামর্শ দেওয়া হচ্ছে। উপসহকারী কৃষি কর্মকর্তা আশরাফুল ইসলাম বলেন, "কৃষকদের নিয়মিত পরামর্শ দিচ্ছি। অনেকেই গাছ কেটে ফেলতে চেয়েছিলেন। এখন বাজারদর বৃদ্ধিতে তারা আবার মরিচের পরিচর্যায় ফিরেছেন। আশা করছি, ক্ষতি পুষিয়ে ওঠা সম্ভব হবে।"

## মির্জা ফখরুল

প্রায় ধ্বংসপ্রাপ্ত। গত ১৫ বছর ধরে পরিকল্পিতভাবে গণতন্ত্রকে ধ্বংস করা হয়েছে। এর ফলেই আজ দেশের সর্বস্তরে জবাবদিহিতার অভাব, প্রশাসনিক দুর্বলতা এবং সর্বব্যাপী লুটপাটের সংস্কৃতি গড়ে উঠেছে।" মির্জা ফখরুল বলেন, "এই রাষ্ট্র ও সমাজ ব্যবস্থার মৌলিক সংস্কার ছাড়া টেকসই উন্নয়ন ও জনগণের প্রকৃত কল্যাণ সম্ভব নয়। তবে সেটি চাপিয়ে দিয়ে নয়, বরং গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্য দিয়ে আনতে হবে। এজন্য দ্রুত একটি গ্রহণযোগ্য, অংশগ্রহণমূলক ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে জনগণের প্রতিনিধিত্বশীল সরকার প্রতিষ্ঠা জরুরি।"

আলোচনাসভায় কিছু রাজনৈতিক দল কর্তৃক প্রস্তাবিত প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) পদ্ধতির সমালোচনাও করেন বিএনপি মহাসচিব।

তিনি বলেন, "বাংলাদেশের সাধারণ মানুষ চায় একজন নেতা, যাকে তারা চেনেন, পাশে পান এবং প্রত্যক্ষভাবে জবাবদিহিতা চাইতে পারেন। কিন্তু পিআর পদ্ধতিতে সেই সম্পর্ক গড়ে ওঠে না। ফলে এটি জনগণের প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।" মির্জা ফখরুল আন্তর্জাতিক বাণিজ্য পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, "যুক্তরাষ্ট্রের নতুন ট্যারিফ নীতির কারণে বাংলাদেশের রপ্তানি খাত, বিশেষ করে তৈরি পোশাক খাত, বড় ধরনের হুমকির মুখে পড়তে পারে। এটি আমাদের অর্থনীতিকে সংকটে ফেলতে পারে।" তিনি বলেন, "এই পরিস্থিতি মোকাবেলায় শুধু সরকার নয়, সব রাজনৈতিক দলের সঙ্গে আলোচনার মাধ্যমে একটি জাতীয় কৌশল নির্ধারণ করা প্রয়োজন।" মির্জা ফখরুল আবারও জোর দিয়ে বলেন, "বিএনপি গণতন্ত্রে বিশ্বাস করে বলেই একটি যৌক্তিক, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন চায়। আমরা চাই, জনগণের মতামতের ভিত্তিতে একটি সরকার গঠিত হোক, যারা জবাবদিহিতার আওতায় থাকবে।" তিনি সকল রাজনৈতিক শক্তিকে সংবিধান ও গণতন্ত্রের মূলনীতিতে ফিরে যাওয়ার আহ্বান জানান।

## শিক্ষক মাসুম'র দাফন সম্পন্ন

সৃষ্টি হয়। মাসুম আহমেদ দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন। শিক্ষকতা জীবনে তিনি সততা, দায়িত্ববোধ ও মানবিকতার পরিচয় দিয়ে গেছেন। শিক্ষার্থীদের প্রতি তাঁর ভালোবাসা এবং সমাজের প্রতি দায়বদ্ধতা তাকে একজন আদর্শ শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত করে।তাঁর মৃত্যুতে প্রাথমিক শিক্ষা পরিবারে শোকের ছায়া নেমে এসেছে। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি মেহেরপুর সদর উপজেলা শাখার সভাপতি মো. শফিকুল ইসলাম মিন্টু এক শোকবার্তায় বলেন, "মাসুম আহমেদ ছিলেন এক নির্লোভ ও আদর্শবান শিক্ষক। তিনি দায়িত্ব পালন করেছেন নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে। তাঁর মৃত্যুতে আমরা একজন সহৃদয় সহকর্মী ও নিবেদিতপ্রাণ শিক্ষককে হারালাম।" তিনি মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

## সাপ্তাহিক হাট বসছে ব্যস্ততম সড়কে

নিরবতা আর বাজার কর্তৃপক্ষের উদাসীনতার সুযোগে সপ্তাহের প্রতিদিনই এই হাট বসছে রাস্তায়। ফলে বাড়ছে দুর্ঘটনার আশঙ্কা। দেবীপুরের বাসিন্দা আলিমুদ্দিন বলেন, "দেবীপুর মরিচের বাজার জনপ্রিয় হলেও রাস্তায় বসানোর কারণে মানুষ প্রতিদিনই দুর্ভোগে পড়ে। প্রশাসন যদি এখনই ব্যবস্থা না নেয়, বড় দুর্ঘটনা ঘটে যাওয়া সময়ের ব্যাপার মাত্র।"ভ্যানচালক আজমাইন হোসেন জানান, "রাস্তার পাশে বাজার থাকলেও অনেকেই রাস্তায় উঠে বসে পড়েন। এতে যানবাহন চালাতে ভয় লাগে।" অটোচালক স্বপন আলীর অভিযোগ, "নির্ধারিত হাট ছেড়ে রাস্তায় কেন হাট বসবে? মানুষের জীবনের নিরাপত্তা কি কেউ দেখবে না?" মাইক্রোবাসচালক আলী হোসেন বলেন, "রাস্তায় হাট

উম্মে তানিয়া অনুরাগী

# ঘোষণায় 'বাল্যবিবাহমুক্ত', বাস্তবে নয়: মেহেরপুরের বাস্তবতা



মেহেরপুর জেলা আনুষ্ঠানিকভাবে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে, যা নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ। কিন্তু বাস্তবতার দিকে তাকালে দেখা যায়, এই ঘোষণা কেবল কাগজে-কলমেই সীমাবদ্ধ থেকে গেছে। মাঠপর্যায়ের চিত্র বলছে এই জেলায় এখনো বিভিন্ন পন্থায় বাল্যবিবাহ সংঘটিত হচ্ছে, কখনো গোপনে, কখনো তথাকথিত ধর্মীয় বা সামাজিক অনুমোদনের আড়ালে। প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও স্থানীয় সরকার সংস্থা অনেক সময় বাল্যবিবাহ প্রতিরোধে উদ্যোগী ভূমিকা পালন করছে। কোথাও কোথাও বিয়ে বন্ধ করা হয়েছে, দায়ীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে। কিন্তু অভিভাবকদের কৌশল এবং সমাজের একটি শ্রেণির নীরব প্রশ্রয়ে এই অপরাধ ক্রমেই ধূর্ত হয়ে উঠছে। প্রশ্ন হলো কেন এই ঘোষণা বাস্তবে কার্যকর হচ্ছে না? এর পেছনে রয়েছে একাধিক কারণ। প্রথমত, দারিদ্র্য ও অসচেতনতা। অনেক পরিবার মনে করে, কন্যাসন্তান বড় হওয়ার আগেই বিয়ে দেওয়া মানে দায়িত্ব শেষ। দ্বিতীয়ত, মেয়েদের নিরাপত্তা নিয়ে অতিরঞ্জিত শঙ্কা। অল্প বয়সে বিয়ে দিলে যেন সামাজিক বা পারিবারিক সম্মান রক্ষা পায় এমন ভ্রান্ত ধারণা এখনো সমাজে প্রবলভাবে বিরাজমান। তৃতীয়ত, সমাজের একাংশ এখনো চুপচাপ এই চর্চাকে সমর্থন করে যাচ্ছে। তবে সবচেয়ে উদ্বেগজনক দিক হলো ঘোষণার পরেও যেসব বাল্যবিবাহ হচ্ছে, তা যেন আরও গোপন, আরও সুপরিকল্পিত হয়ে উঠেছে। প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে, কখনো রাতের অন্ধকারে, কখনো অন্য ইউনিয়নে গিয়ে এই বিয়ে সম্পন্ন করা হচ্ছে। কোথাও কোথাও মিথ্যা বয়স লিখে কাবিননামা সম্পাদন করা হচ্ছে। এই অবস্থায় কেবল প্রচলিত পন্থায় বাল্যবিবাহ রোধ সম্ভব নয়। প্রয়োজন সমন্বিত ও কার্যকর কৌশল। প্রথমত, প্রতিটি ইউনিয়নে গঠন করতে হবে শক্তিশালী বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি, যেটি নিয়মিতভাবে নজরদারি চালাবে। দ্বিতীয়ত, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে সম্পৃক্ত করতে হবে, যেন শিক্ষকরা ঝুঁকিপূর্ণ শিক্ষার্থীদের তথ্য আগেভাগেই দিতে পারেন। তৃতীয়ত, ধর্মীয় নেতাদের নিয়ে গণসচেতনতামূলক প্রচারণা জোরদার করতে হবে। কেননা, ধর্মকে বাল্যবিবাহের পক্ষে ব্যবহার করার প্রবণতা অনেক ক্ষেত্রে প্রত্যক্ষ বৈধতা তৈরি করে। সবচেয়ে জরুরি বিষয় হলো, কন্যাশিশুর ভবিষ্যৎ গড়ার উপযোগী পরিবেশ নিশ্চিত করা। শিক্ষা, স্বাস্থ্যসেবা ও কর্মসংস্থানের সুযোগ না থাকলে অভিভাবকেরা সহজেই পুরনো ধ্যানধারণার আশ্রয় নেবেন। মেয়েদের আত্মনির্ভর করে তুলতে না পারলে আইনি ব্যবস্থাও দীর্ঘমেয়াদে অকার্যকর হয়ে পড়বে। মেহেরপুরকে সত্যিকার অর্থে বাল্যবিবাহমুক্ত করতে হলে কেবল ঘোষণায় নয়, মাঠপর্যায়ের বাস্তবতায় সেই প্রতিফলন ঘটাতে হবে। বাল্যবিবাহ শুধু একটি সামাজিক অপরাধ নয়, এটি একটি শিশুর ভবিষ্যৎকে ধ্বংস করার নামান্তর। তাই আজই সময়, কাগজে নয়, সমাজে বাল্যবিবাহমুক্তির জয়গান গাওয়ার। (শিক্ষক ও নারী উদ্যোক্তা)

# ইসলামের বিধানে রক্তদান

মাওলানা মানযার হাসিন

সম্প্রতি সময়ে আগুন পোড়ার ঘটনা দেশে বেড়েছে। এছাড়া বিভিন্ন সময়ে দুর্ঘটনা কিংবা প্রসূতি মায়ের জন্য রক্ত গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। এমন সময়েও অনেকে নানা ভ্রান্ত ধারণার কারণে রক্ত দিতে চান না। তবে ইসলামের বিধান রক্তদানকে শর্তসাপেক্ষে সম্পূর্ণ বৈধ করেছে। মানুষের জীবন বাঁচাতে কোনো রকম বিনিময় ছাড়া আল্লাহর সন্তুষ্টির আশায় রক্তদানও একটি ইবাদত। কেউ যদি একমাত্র আল্লাহর সন্তুষ্টির আশায় এই ইবাদত করতে পারে, তাহলে সে মহান আল্লাহর কাছে এর উত্তম প্রতিদান পাবে। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, আর যে মানুষের প্রাণ বাঁচালো, সে যেন তামাম মানুষকে বাঁচালো। (সুরা মায়েদা, আয়াত : ৩২) নবীজি (সা.) বলেন, মানুষ যতক্ষণ অন্য মানুষের সহযোগিতায় নিয়োজিত থাকে, আল্লাহ ততক্ষণ তার সহযোগিতা করতে থাকেন। (সহিহ মুসলিম: ৬৭৪৬) রাসুল (সা.) বলেছেন, 'যে অন্যের বিপদ দূর করবে, আল্লাহ কেয়ামতের দিন তার বিপদ দূর করে দেবেন। (সুনানে আবু দাউদ: ৪৮৯৩)' আমাদের সমাজে কেউ কেউ মনে করেন, রক্ত দিলে নিজের শরীরে অনেক ঘাটতি হয়। বিষয়টি সঠিক নয়। বরং যেকোনো সুস্থ-সবল মানুষ রক্তদান করলে স্বাস্থ্যের কোনো ক্ষতি হয় না। ফকিহগণ কয়েকটি শর্ত সাপেক্ষে রক্ত দেয়া বৈধ সাব্যস্ত করেছেন। যখন কোনো অসুস্থ ব্যক্তির জীবননাশের আশঙ্কা হয় এবং অভিজ্ঞ ডাক্তারের মতে তার শরীরে অন্যের রক্ত প্রবেশ করানো ছাড়া বাঁচানোর অন্য কোনো পন্থা না থাকে। যখন অসুস্থ ব্যক্তির মৃত্যুর আশঙ্কা নেই, কিন্তু রক্ত দেয়া ছাড়া তার জীবনের ঝুঁকি বাড়ে। অথবা রোগমুক্তি বিলম্বিত হয়, এ দুই অবস্থায় রক্ত দেয়া জায়েজ। যখন রোগীর শরীরে রক্ত দেয়ার খুব বেশি প্রয়োজন দেখা না দেয় বরং রক্ত না দেয়ার অবকাশ থাকে, তখন রক্ত দেয়া থেকে বিরত থাকবে।যখন জীবনাশের এবং অসুস্থতা বিলম্বিত হওয়ার আশঙ্কা না হয় বরং শুধু শক্তি বৃদ্ধি এবং সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্য হয়, সে অবস্থায় ইসলামি শরিয়তে রক্তদান জায়েজ নয়। অতএব মুমিনের উচিত, একমাত্র আল্লাহ তায়ালাকে খুশি করার উদ্দেশ্যে মুমূর্ষু রোগীকে রক্ত দিয়ে সহযোগিতা করা। তাদের সহযোগিতায় এগিয়ে আসার সুযোগ আল্লাহ সবাইকে দান করুন।

বসায় যানজট লেগেই থাকে। আবার কখন দুর্ঘটনা ঘটেড়তা কেউ জানে না।" দেবীপুর হাটের ইজারাদার সোহাগ হোসেন দাবি করেন, "আমরা বাজারে মরিচ ক্রয় করি। কিন্তু কিছু ব্যবসায়ী ইচ্ছামতো রাস্তায় উঠে পড়ে। আমরা কঠোর নজরদারি করব।" এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, "বিষয়টি আমরা গুরুত্ব দিয়ে দেখছি। সড়কের ওপর হাট বসানো হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## চার-পাঁচ দিনের মধ্যে নির্বাচনের

হতে পারবে।' বৈঠকে নির্বাচনের সময়সূচি, নির্বাচন কমিশনের প্রস্তুতি এবং রাজনৈতিক দলের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়েছে। প্রধান উপদেষ্টা সকল রাজনৈতিক দলের মতামত ও উদ্বেগ গ্রহণ করেছেন এবং একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করার প্রতিশ্রুতি দিয়েছেন। রাজনৈতিক দলের নেতারা প্রধান উপদেষ্টার এই উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, এর ফলে দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া জোরদার হবে এবং আগামী নির্বাচনে অংশগ্রহণে উৎসাহ বৃদ্ধি পাবে। জাতীয় পার্টি সহ অন্যান্য রাজনৈতিক দলের পক্ষ থেকে নির্বাচনের প্রস্তুতি দ্রুত শেষ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়েছে। পাশাপাশি তারা আশা প্রকাশ করেছেন, নির্বাচনের তারিখ ঘোষণার মাধ্যমে রাজনৈতিক অস্থিতিশীলতা দূর হয়ে দেশের উন্নয়ন কাজের ধারাবাহিকতা বজায় থাকবে।

## আসিফ নজরুল

সংস্কৃতি গড়ে তোলা জরুরি। ড. আসিফ নজরুল আরও বলেন, ক্ষমতা থেকে সরে যাওয়ার ভয় দূর হলেই সরকার দানশীল হতে পারে, যা দেশের ইতিহাস থেকে আমরা জানতে পারি। তিনি দেশের অতীত রাজনৈতিক সহিংসতায় হাজার হাজার প্রাণহানির কথা উল্লেখ করে বলেন, এই মূল্যবোধ উপলব্ধির মাধ্যমে আমাদের সচেতন হওয়া প্রয়োজন। বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্টের নির্বাহী পরিচালক ব্যারিস্টার সারা হোসেন বলেন, চলতি বছর জুলাই গণঅভ্যুত্থানে ১৩০০ জনের বেশি প্রাণ হারিয়েছেন এবং পরবর্তী সহিংসতায় আরো প্রায় ১১৮০ জন নিহত হয়েছেন। গুমের শিকার মাইকেল চাকমা তাঁর নিজস্ব অভিজ্ঞতার বর্ণনা দিয়ে বলেন, দীর্ঘ সাড়ে পাঁচ বছর অন্ধকার জীবন কাটানোর পর এখনো নিজের অধিকার আদায়ে লড়াই চালিয়ে যাচ্ছেন। শহীদ নূরের বোন আফরিন আমান বলেন, তার ভাই মাত্র ১৩ বছর বয়সে মৃত্যুবরণ করলেও এখনও বিচার পাননি। তিনি সরকারের কাছে শহীদদের রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতার প্রতি শ্রদ্ধাস্বরূপ 'জুলাই সনদ' ঘোষণা ও দ্রুত বিচার দাবি করেন। সম্মেলনে জাতিসংঘের মানবাধিকার উপদেষ্টা, বিভিন্ন সংগঠন ও আহত পরিবার এবং গুমের শিকাররা উপস্থিত থেকে মানবাধিকার প্রতিষ্ঠায় একতাবদ্ধ থাকার আহ্বান জানান।

## মুজিবনগরে জিপিএ-৫ শিক্ষার্থীদের

প্রধান নির্বাহী ও অস্ট্রেলিয়ায় প্রবাসী রাফিদ আলম রকির বাবা, বিশিষ্ট সমাজসেবক ও রাজনীতিবিদ মাহফুজ আলম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক ও শিবপুর মধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আনোয়ারুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল ইসলাম, শিবপুর হাই স্কুলের প্রধান শিক্ষক আব্দুস সালাম, সহকারী প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, সহকারী শিক্ষক আবুল কালাম আজাদ, ফিতাজ আলী, শাহাজুল ইসলাম, আমিনুল ইসলাম ও আব্দুস সালাম। অনুষ্ঠানে আমন্ত্রিত কৃতি শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা সংবর্ধনার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং তাদের অনুভূতি প্রকাশ করেন। এরপর মোনাখালী ইউনিয়নের আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুর, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়, গোপালনগর বালিকা বিদ্যালয়, মেহেরপুর জিনয়াস ল্যাবরেটরি স্কুল, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৪ জন জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী এ সংবর্ধনা লাভ করেন। ইনফান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশন একটি মানবসেবা মূলক সংগঠন, যা বাংলাদেশের সাতটি জেলায় কাজ করছে। ২০২১ সালের মার্চে প্রতিষ্ঠিত এই সংগঠনটি গত পাঁচ বছরে বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম সফলভাবে পরিচালনা করেছে। সংবর্ধনা অনুষ্ঠান মাইলস্টোন ট্রাজেডিতে নিহত সকলের রূহের মাগফেরাত কামনা করে সমাপ্ত হয়।

## মহেশপুর সীমান্তে ৬ কোটি টাকার

শনিবার (২৬ জুলাই) ভোর সাড়ে ৫টার দিকে মহেশপুর উপজেলার কুমিল্লাপাড়া সীমান্তে এ অভিযান চালানো হয়।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) সূত্রে জানা যায়, কুমিল্লাপাড়া বিওপির একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে মেইন পিলার ৬০/৭০-আর এলাকায় টহল দিচ্ছিল। এ সময় তারা এক সন্দেহভাজন ব্যক্তিকে বাংলাদেশ থেকে ভারতে প্রবেশের চেষ্টা করতে দেখলে তাকে চ্যালেঞ্জ করে। টহল দলের উপস্থিতি টের পেয়ে ওই ব্যক্তি সঙ্গে থাকা তিনটি পোটলা ফেলে বৃষ্টির মধ্যে ভারতের দিকে পালিয়ে যায়। পরে ফেলে যাওয়া পোটলাগুলো উদ্ধার করে ক্যাম্পে নেওয়া হয়। খুলে দেখা যায়, তাতে রয়েছে ৩১টি স্বর্ণের বার। এগুলোর মোট ওজন ৪ কেজি ২০৩ দশমিক ১১ গ্রাম। বিজিবির হিসাব অনুযায়ী, উদ্ধার হওয়া স্বর্ণের বাজারমূল্য ৫ কোটি ৮৩ লাখ ৩ হাজার ৬১৮ টাকা। এ বিষয়ে মহেশপুর ব্যাটালিয়নের উপ-অধিনায়ক অতিরিক্ত পরিচালক আবু হানিফ মো. সিহানুক জানান, "উদ্ধার হওয়া স্বর্ণের ব্যাপারে মহেশপুর থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। জব্দ তালিকা তৈরি করে স্বর্ণগুলো ঝিনাইদহ জেলা কোষাগারে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে।" তিনি আরও জানান, এ ঘটনায় এখনো কাউকে আটক করা না গেলেও চোরাচালান চক্রকে চিহ্নিত করতে তদন্ত ও অভিযান অব্যাহত রয়েছে।মহেশপুর ৫৮ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রফিকুল আলম বলেন, "সীমান্ত এলাকায় নজরদারি আরও জোরদার করা হয়েছে। চোরাচালান রোধে নিয়মিত অভিযান অব্যাহত থাকবে।"

## ভারত-সমর্থিত ৩ জঙ্গিকে হত্যার

'হাই ভ্যালু টার্গেট'। তার মাথার মূল্য ২০ লাখ রুপি নির্ধারণ করেছিল পাকিস্তান সরকার। তার নাম আজমল ওরফে ওয়াকাস, যিনি স্থানীয় গ্রাম প্রতিরক্ষা পরিষদের (ভিলেজ ডিফেন্স কাউন্সিল) সদস্যদের হত্যার দায়ে অভিযুক্ত ছিলেন। তিনি মোস্ট ওয়ান্টেড তালিকায়ও ছিলেন বলে নিশ্চিত করেছে সিটিডি। নিহত অপর দুই জঙ্গির মধ্যে একজনের নাম মতিউল্লাহ, যিনি 'ইসহাক' ও 'জুনায়েদ' নামেও পরিচিত ছিলেন। তৃতীয়জন রহিমুল্লাহ রেহমানি, যিনি 'রোহুল্লাহ' নামেও পরিচিত ছিলেন। সিটিডি-র বিবৃতিতে আরও জানানো হয়, অভিযানের সময় জঙ্গিদের কাছ থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও বিস্ফোরক উদ্ধার করা হয়েছে। তারা দীর্ঘদিন ধরেই সোয়াত ও আশপাশের এলাকায় বোমা হামলা, পুলিশ হত্যা, চাঁদাবাজি ও জনমনে আতঙ্ক সৃষ্টির মতো কার্যক্রম পরিচালনা করছিল। এদের অন্যতম কৌশল ছিল ইমপ্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস (আইইডি) ব্যবহার করে হামলা চালানো। সিটিডির মতে, এই গোষ্ঠীর অর্থায়ন হতো বিদেশি উৎস, বিশেষ করে ভারতের পক্ষ থেকে। তাদের দাবি, ভারতের গোয়েন্দা সংস্থাগুলোর ছত্রছায়ায় এই সন্ত্রাসীরা পাকিস্তানের ভূখণ্ডে অস্থিরতা তৈরির চেষ্টা করছিল। সোয়াতের আঞ্চলিক পুলিশ প্রধান শের আকবর খান বলেন, "এই অভিযানে 'ফিতনা আল-খারিজ' গোষ্ঠীর কার্যক্রমে বড় ধাক্কা লেগেছে। তাদের সম্পূর্ণ নির্মূল না হওয়া পর্যন্ত আমাদের অভিযান অব্যাহত থাকবে।" পাকিস্তানের খাইবার-পাখতুনখোয়া প্রদেশের পুলিশ মহাপরিদর্শক (আইজি) জুলফিকার হামিদ এই সফল অভিযানের জন্য সিটিডি এবং সোয়াত পুলিশের প্রশংসা করেন। তিনি বলেন, "সন্ত্রাস দমন এবং নাগরিকদের নিরাপত্তা নিশ্চিতে আমরা কোনোভাবেই পিছু হটবো না। সোয়াতসহ পুরো প্রদেশে শান্তি ফিরিয়ে আনতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ নেওয়া হবে।"

## সাবেক এমপি আমজাদ

হচ্ছে, যা দলের জন্য ক্ষতিকর। তিনি এসব কথা বলেন শনিবার বিকাল ৫টায় গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নে অনুষ্ঠিত পথসভায়। তিনি আরও বলেন, "আওয়ামী লীগ যারা নেতা ছিলেন, তারা দেশ ছেড়ে পালিয়ে গেছেন। তাদের নেতারা নেতাকর্মীদের কার হাতে রেখে গেছেন? কিন্তু আমাদের নেত্রী বেগম খালেদা জিয়া দেশ ছেড়ে যাননি, দেশের মানুষের কথা ভেবে জেল খেটেছেন।" সাবেক এমপি বলেন, "আমাদের নেত্রীকে বিদেশে চিকিৎসা নিতে পাঠানোর প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু তিনি বলেছিলেন, 'এ দেশ আমার, এ দেশের মাটি ও মানুষ আমার, আমি বিদেশে যাব না, এখানেই চিকিৎসা নেব।'আমজাদ হোসেন আরও উল্লেখ করেন, "গাংনীর মানুষ অনেক নির্যাতন সহ্য করেছে, জেল খেটেছে, জমির ওপর শুয়ে থেকেছে। তাই আগামীতে সঠিক নেতা বেছে নেওয়া অপরিহার্য।' পথসভায় বিএনপি নেতা আমিরুল ইসলাম, রবিউল ইসলাম রবি, সুজন মাহমুদসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## বারাদি বাজারে বিএনপির ৩১ দফা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি। শনিবার (২৭ জুলাই) বিকেলে এই কর্মসূচির নেতৃত্ব দেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। তিনি বাজারের ব্যবসায়ী, ক্রেতা, বিক্রেতা ও সাধারণ মানুষের মধ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা কর্মসূচি সম্বলিত লিফলেট বিতরণ করেন। গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "দেশে একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা ও জনগণের অধিকার সুরক্ষায় বিএনপি যে ৩১ দফা কর্মসূচি দিয়েছে, তা ভবিষ্যতের সুনির্দিষ্ট রূপরেখা। জনগণের সমর্থন ও সচেতনতাই এই কর্মসূচির সফলতার চাবিকাঠি।" এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ওমর ফারুক লিটন, সদর যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুল ইসলাম ফিরোজ, ইলিয়াস হোসেন, বারাদি ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল, শ্যামপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামসহ স্থানীয় বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। নেতারা জানান, দেশের প্রতিটি অঞ্চলেই এমন কর্মসূচি চালিয়ে জনগণের কাছে ৩১ দফা দাবি তুলে ধরা হবে।

## ২৭ জুলাই : আরও ২ সমন্বয়ককে

বাকের মজুমদারকে ডিবি হেফাজতে নেয়া হয়।

এদিকে সরকারি চাকরিতে কোটা সংস্কার করে আদালতের রায়ের পর সরকারের জারি করা প্রজ্ঞাপনকে প্রত্যাখ্যান করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

শনিবার রাতে অনলাইনে সংবাদ সম্মেলন করে নতুন তিন দাবিতে সরকারকে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দেয় কোটা সংস্কার আন্দোলনকারীরা। এসব দাবি মানা না হলে পরবর্তীতে আরও কঠোর কর্মসূচি ঘোষণার কথা জানান তারা। শিক্ষার্থীদের তিন দফা ছিল, 'রোববারের মধ্যে সমন্বয়ক নাহিদ ইসলাম, আসিফ মাহমুদসহ আটক সকল শিক্ষার্থীদের মুক্তি, মামলা প্রত্যাহার ও শিক্ষার্থী গণহত্যার সাথে জড়িত মন্ত্রী পর্যায় থেকে কনস্টেবল পর্যন্ত সকল দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।'

সংবাদ সম্মেলনে কয়েকজন সমন্বয়ক জানান, পুলিশের ধরপাকড়সহ নানা কারণে সব সমন্বয়কের সাথে তারা যোগাযোগ করতে পারছেন না। যে কারণে সমন্বিতভাবে তারা কোনো কর্মসূচি ঘোষণা করতে পারছেন না।

আন্দোলনের সমন্বয়ক মাহিন সরকার বলেন, 'আন্দোলনের মূল দাবি মেনে নেয়া হয়েছে বলে প্রচার করছে সরকার। কিন্তু আমাদের দাবি ছিল কমিশন গঠন করে এই সংকটের সমাধান করা। কিন্তু সেটি করা হয়নি বলেই আমরা এই প্রজ্ঞাপন প্রত্যাখ্যান করছি।'

সমন্বয়ক আব্দুল হান্নান মাসুদ বলেন, কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সমন্বয়কদের বিরুদ্ধে মামলা হয়েছে। এখন পর্যন্ত তিন হাজারের বেশি শিক্ষার্থীকে আটক করা হয়েছে।

তিনি জানান, আগামী ২৪ ঘণ্টার মধ্যে এই তিন দফা না মানা হলে পরশুদিন থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আরও কঠিন কর্মসূচি দিতে বাধ্য হবে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আগামীকাল রোববার থেকে সারা দেশে অনলাইন ও অফলাইন ব্যবহার করে প্রচারণা কার্যক্রম চালাবে। একই সঙ্গে বিভিন্ন দূতাবাসে দলিল পেশ করার পাশাপাশি সারা দেশে দেয়াল লিখন কার্যক্রম চালানোর ঘোষণা দেওয়া হয়।

সংবাদ সম্মেলন থেকে সাম্প্রতিক কোটা আন্দোলনকে ঘিরে সংঘাত-সহিংসতায় ২৬৬ জন নিহত হয়েছেন বলে দাবি করা হয়। এ ছাড়া ছাত্রদের নামে করা মামলাগুলোকে মিথ্যা বলে উল্লেখ করা হয়।

এছাড়া সোমবার থেকে সারাদেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান, জেলা, উপজেলা ও নগরকেন্দ্রিক 'হেলথ ফোর্স' গঠন করে আহত-নিহতদের পূর্ণাঙ্গ তালিকা তৈরি, এবং আহত-নিহত ছাত্র-নাগরিক ও তাদের পরিবারকে মানসিক ও আর্থিকভাবে সহযোগিতা এবং 'লিগ্যাল ফোর্স' গঠন করে সারাদেশে শিক্ষার্থীদের নামে মামলার ডকুমেন্টেশন এবং যাদের আইনি সাহায্যের প্রয়োজন তাদেরকে সেই সাহায্যের ব্যবস্থা করারও ঘোষণা দেয়া হয়।

এদিকে ছাত্র আন্দোলনের তিন সমন্বয়কের খোঁজ নিতে শনিবার বিকেলে ডিবি কার্যালয়ে যান বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্কের ১২ সদস্যের প্রতিনিধি দল। তারা সেখানে ১৫-২০ মিনিট অপেক্ষা করলেও ডিবি প্রধান শিক্ষকদের সাথে দেখা করতে অস্বীকৃতি জানান।

বাংলাদেশের সাম্প্রতিক সংকট উত্তরণের জন্য জনগণের ম্যান্ডেট দিয়ে গণতন্ত্রকে ফিরিয়ে আনার জন্য স্বল্প সময়ে মধ্যবর্তী নির্বাচনের পক্ষে মত দেন শান্তিতে নোবেল বিজয়ী প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস।

ভারতের দ্য হিন্দু পত্রিকায় দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, 'গণতন্ত্রে সব সমস্যার সমাধান দিতে পারে একটি প্রকৃত, অবাধ ও সুষ্ঠু নির্বাচন। জনগণের নির্দেশনায় গণতন্ত্রের সমস্যার প্রতিকার সম্ভব। কারণ, রাষ্ট্রের মালিক জনগণ, সরকারে থাকা কিছু মানুষের জন্য নয়।' এছাড়া বাংলাদেশে হত্যাকাণ্ড বন্ধে তিনি বিদেশিদের প্রতি সহায়তার আহ্বান জানান।

কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে গত শুক্রবার গভীর রাতে হাতিরঝিলের বাসা থেকে আটক করা হয় ডাকসুর সাবেক ভিপি ও গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরকে।

শনিবার রাত পর্যন্ত কোটা আন্দোলনের সময় সরকারি-বেসরকারি স্থাপনা ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় সারাদেশে ৭৩৬টি'র বেশি মামলা হয়। শুধু রাজধানী ঢাকাতেই মামলা হয় ২০৭টি। ঢাকাতে গ্রেফতার হয় ২ হাজার ৫৩৬ জন। এর বাইরে র‍্যাবের অভিযানে ঢাকায় গ্রেফতার হয় ৭১ জন। সব মিলিয়ে সারাদেশে গ্রেফতার ৭ হাজার ছাড়ায়। ঢাকাসহ সারাদেশের যে সব মামলা হয় তার বেশিরভাগ মামলার বাদী পুলিশ (সূত্রঃ বণিক বার্তা, ২৮ জুলাই)।

শনিবার সহিংসতায় আহতদের দেখতে পঙ্গু হাসপাতালে যান তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সে সময় তিনি আহত চিকিৎসাধীন কয়েকজনের সাথে কথা বলেন এবং তাদের চিকিৎসার খোঁজ খবর নেন। পরে শেখ হাসিনা ক্ষতিগ্রস্ত সেতু ভবন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ পরিদর্শন করেন। তিনি এলিভেটেড এক্সপ্রেসওয়ের টোল প্লাজার ক্ষয়ক্ষতিও ঘুরে দেখেন।

এই দিন ওবায়দুল কাদের মেট্রোরেল চালুর বিষয়ে জানান, 'মেট্রোরেলের কাজীপাড়া ও মিরপুর-১০ স্টেশন ধ্বংস করা হয়েছে। যন্ত্রপাতি এনে এটা এক বছরেও সচল করা সম্ভব হবে না বলে এক্সপার্টরা জানিয়েছেন।'

সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস ২৮ জুলাই রোববার থেকে ৩০ জুলাই মঙ্গলবার পর্যন্ত সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত চলবে বলে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জানানো হয়।

অন্যদিকে সমন্বয়কদের ডিবি হেফাজতে নেওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ। তারা সব শিক্ষার্থীর নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি তাদের যেন হয়রানি করা না হয়, সে ব্যাপারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের আহ্বান জানায়।

কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে কয়েক দিনের সংঘাতে প্রাণহানি ও সম্পদ ধ্বংসের ঘটনায় ঢাকায় অবস্থিত ১৪টি মিশন তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের কাছে লেখা এক যৌথ চিঠিতে গভীরভাবে উদ্বিগ্ন ও মর্মাহতের কথা জানায়। পররাষ্ট্রমন্ত্রীর কাছে যৌথ চিঠিটি পাঠায়, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, স্পেন, নেদারল্যান্ডস, কানাডা, সুইজারল্যান্ড, সুইডেন, ডেনমার্ক, নরওয়ে, অস্ট্রেলিয়া ও ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) দূতাবাস।

দেশে কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সংঘটিত সহিংসতা ও বর্তমান ঘটনা প্রবাহে গভীর উদ্বেগ জানায় বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত শিক্ষাবিদ, লেখক ও বুদ্ধিজীবীরা। জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনার ফলকার টুর্ককে লেখা এক চিঠিতে এ উদ্বেগ জানান তারা। সেই সঙ্গে তারা এ বিষয়ে অবিলম্বে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। ১৪০ জনের বেশি বিশিষ্ট ব্যক্তি এ চিঠিতে স্বাক্ষর করেন।

এদিকে বিশ্ববিদ্যালয় বন্ধ ও নানা বাস্তবতায় তাদের আর কোনো কর্মসূচি নেই বলে জানায় কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারী বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শিক্ষার্থীরা।

এদিকে কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে ব্যাপক সহিংসতার পর ধীরে ধীরে স্বাভাবিক হতে থাকে জনজীবন। এমন পরিস্থিতিতে ২৬ জুলাই শুক্রবার থেকে কারফিউ শিথিলের সময়সীমা বাড়িয়ে দেয় সরকার।

## দৈনিক মেহেরপুর প্রতিদিনে প্রকাশিত অসত্য ও ভিত্তিহীন সংবাদের প্রতিবাদ

আমি মো: শফিকুল ইসলাম মিন্টু গত ২৬ জুলাই ২০২৫খ্রি; তারিখে ' মেহেরপুর প্রতিদিন' এর প্রকাশিত অসত্য ও ভিত্তিহীন সংবাদের তীব্র প্রতিবাদ করছি। আমার দীর্ঘ ২৭ বছর শিক্ষকতা সময়ের সুনাম ক্ষুণ্য করার প্রয়াশে কতিপয় স্বার্থানেষী মহল তাদের স্বার্থ পরিপন্থি কার্যক্রম ব্যাহতর আশংকায় এহেন হীন ও অসত্য সংবাদ প্রকাশ করেছে। এটা সুষ্ট, সুন্দর ও সুস্থ শিক্ষার মান উন্নয়নের অন্তরায়। এহেন সংবাদ আমি ঘৃণা ভরে প্রত্যাখান করছি। আমি কোন রাজনৈতিক দলের সাথে সংপৃক্ত নয়, প্রকাশ্যে বা গোপনে আমি কোন রাজনৈতিক কার্যক্রমে অংশ গ্রহণ করি নাই। আমি বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সদর উপজেলা শাখার সভাপতি নির্বাচিত হওয়ায় একটি স্বার্থানেষী মহল ঈর্ষা পরায়ণ হয়ে এমন হীনও প্রবৃত্তি প্রকাশ করছে যাতে আমার মান-সম্মান ক্ষুণ্য হয়। গত ১৩/০৭/২০২৫ খ্রি: আমি এসএম সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ডেপুটেশন প্রাপ্ত হয়ে বেলতলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদানের আদেশ প্রাপ্ত হয়েছি এবং গত ১৪/০৭/২০২৫ খ্রি: তারিখে যোগদান করি। উল্লেখ্য ডেপুটেশনের জন্য আমি কোন আবেদন করিনি। উপজেলা শিক্ষা অফিসার মৌখিক ভাবে আমাকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়ীত্ব দেওয়ার কথা বলেছিলেন । আমি যোগদানকৃত স্কুলে সর্ব সিনিয়র সহকারী শিক্ষক হওয়ায় বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তার জুনিয়র পদ হারানোর শংকায় ভুগছেন তাই মিথ্যা রটনা রটাচ্ছেন। উপজেলা শিক্ষা অফিসার মহোদয় 'কে হবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক' এর বিভাগীয় সমাধান নিশ্চিত করতে জেলা শিক্ষা অফিসার বরাবর স্মারক নং উসিঅ/মেহের/৪৭৯ গত ২১/০৭/২০২৫ সঠিক নির্দেশনার জন্য চিঠি প্রেরণ করেন। উল্লেখ্য যে, বেলতলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তার অনিয়মিত কার্যক্রম পরিচালনা করতে বাধা গ্রস্থ হচ্ছেন মনে করে সে এমন অসত্য ও ভিত্তিহীন কথাবার্তা প্রকাশ করছেন। আমাদের একটি চ্যাটিং গ্রুপের সদস্য জনাব শাহানা ফেরদৌস লিপি উক্ত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকার ননদ হওয়ায় গ্রুপের কথাবার্তা যা ছিল আলাপ চারিতামাত্র, সেগুলো প্রকাশ করে ভুল বুঝাবুঝির সৃষ্টি করেন।গত ১৭/০৭/২৫ তারিখ অত্র ক্লাষ্টারের সহকারি উপজেলা শিক্ষা অফিসার মহোদয় বেলতলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন কালে স্কুলের কার্যক্রমে কোন রূপ অনিয়ম পরিলক্ষিতমূলক কোনো নির্দেশনা প্রদান করেননি। সর্বোপরি মেহেরপুর প্রতিদিন সংবাদ পত্রে প্রকাশিত সমস্ত অভিযোগ অসত্য, ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত। আমি এর তীব্র প্রতিবাদ করছি।

**মো: শফিকুল ইসলাম মিন্টু সহকারী শিক্ষক**
**বেলতলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়।**